



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা -২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৫৩.২১.১৩

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১২ আগস্ট ২০২১

বিষয়: জনাব সাইফুল্লাহ আল হোসাইন, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট-কে বকেয়া সম্মানী ভাতা প্রদান সংক্রান্ত।

সূত্র: জনাব সাইফুল্লাহ আল হোসাইন, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব সাইফুল্লাহ আল হোসাইন, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট-কে গত ১০/০৪/২০১৬ তারিখে ৪৬.০৪৬.০২৭.০৮.৯০.০৯৩.২০১৬ -৪৩৩ নং স্মারকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের প্রেক্ষিতে তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন (রিট পিটিশন নং-১২০৩৩/২০১৬) দায়ের করলে মাননীয় হাইকোর্ট বিভাগ বুল নিশি জারিপূর্বক তাকে সাময়িক বরখাস্তের আদেশটি ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করেন এবং পরবর্তীতে উক্ত স্থগিতাদেশ বুল নিশি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্ধিত করেন। গত ১৭/০৮/২০১৭ তারিখে তিনি ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে পুনরায় যোগদান করে ১৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। গত ২৯/১০/২০২০ তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগ উক্ত ১২০৩৩/২০১৬ নং মামলার চূড়ান্ত রায় প্রদান করেন। উক্ত রায়ে তাকে বকেয়া মাসিক সম্মানী ভাতা প্রদানের জন্য আদেশ প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১২-৮-২০২১

মোহাম্মদ সামছুল হক

উপসচিব

ফোন: ৯৫৭৭২৩০

ইমেইল: lgd.upazila2@gmail.com

বিতরণ :

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৫৩.২১.১৩/১

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১১ আগস্ট ২০২১

১২ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) জনাব সাইফুল্লাহ আল হোসাইন, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।



১২-৮-২০২১

মোহাম্মদ সামছুল হক

উপসচিব